

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০২.২০১৮(অংশ)-৫৫

তারিখ: ৬ আষাঢ়, ১৪২৮

২০ জুন ২০২১

বিষয়: কেশবপুর পৌরসভার বকেয়া ট্যাক্স আদায় ও এডিপি'র অর্থায়নে গৃহিত প্রকল্পের অগ্রগতি প্রেরণ।

সূত্র: কেশবপুর পৌরসভার স্মারক নং-কেশব/পৌর/২০২১/১১২, তারিখঃ ১৮/০৩/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কেশবপুর পৌরসভার ২০২০-২১ অর্থ বছরে ধার্যকৃত ট্যাক্স ৯২,৯৬,৩৬৮/-টাকার মধ্যে আদায় ফেব্রুয়ারি-২০২১ পর্যন্ত ৪০,৯০,৬৬৭/-টাকা, যার শতকরা হার ৪৪%, বকেয়া ৫৬%। এছাড়া কেশবপুর পৌরসভা কর্তৃক ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরে প্রাপ্ত এডিপি'র অর্থায়নে ২১৬.৪১ লক্ষ টাকায় ১১টি উন্নয়ন প্রকল্পের দরপত্র আহবান করা হয়েছে। ১৮ মার্চ, ২০২১ তারিখ পর্যন্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ১২% হতে ৭৩%।

এমতাবস্থায়, কেশবপুর পৌরসভার ২০২০-২১ অর্থ বছরের বকেয়া ট্যাক্স আদায় বৃদ্ধির বিষয়ে নির্দেশনা প্রদান ও এডিপি'র অর্থ দ্বারা গৃহিত ও বাস্তবায়িত ১১টি উন্নয়ন প্রকল্পের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-৬-২০২১

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬২২৭

ইমেইল:

monitoring2lgd@gmail.com

উপপরিচালক

স্থানীয় সরকার, যশোর

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০২.২০১৮(অংশ)-৫৫/১(৪)

তারিখ: ৬ আষাঢ়, ১৪২৮

২০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, যশোর।
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৪) মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

২০-৬-২০২১

মোঃ শাহজালাল

সহকারী সচিব